

সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৪৬৫

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ যোহরের ফরযের আগে চার রাকাত সুন্নাত পড়াও বৈধ

ذَكَرُ الْإِبَاحَةَ لِلْمَرْءِ أَنْ يُصَلِّيَ قَبْلَ الظُّهْرِ أَرْبَعِ رَكَعَاتٍ

আরবী

2465 - أَخْبَرَنَا شَبَابُ بْنُ صَالِحٍ قَالَ: حَدَّثَنَا وَهْبُ بْنُ بَقِيَّةَ قَالَ: حَدَّثَنَا خَالِدٌ عَنْ خَالِدِ بْنِ عَبْدِ اللَّهِ بْنِ شَقِيقٍ قَالَ: سَأَلْتُ عَائِشَةَ عَنْ صَلَاةِ رَسُولِ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ فَقَالَتْ: كَانَ يُصَلِّي قَبْلَ الظُّهْرِ أَرْبَعًا وَبَعْدَ الْمَغْرِبِ رَكَعَتَيْنِ وَيَعْدَ الْعِشَاءِ رَكَعَتَيْنِ وَبِاللَّيْلِ تِسْعَ رَكَعَاتٍ قُلْتُ: قَائِمًا أَوْ قَاعِدًا؟ قَالَتْ: كَانَ يُصَلِّي لَيْلًا طَوِيلًا قَاعِدًا وَلَيْلًا طَوِيلًا قَائِمًا قُلْتُ: كَيْفَ يَصْنَعُ إِذَا كَانَ قَائِمًا وَكَيْفَ كَانَ يَصْنَعُ إِذَا كَانَ قَاعِدًا؟ قَالَتْ: كَانَ إِذَا قَرَأَ قَائِمًا رَكَعَ قَائِمًا وَإِذَا قَرَأَ قَاعِدًا رَكَعَ قَاعِدًا.

الراوي : عَبْدُ اللَّهِ بْنُ شَقِيقٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر :

التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 2465 | خلاصة حكم المحدث: صحيح - ((صحيح أبي داود))

(880 و 1137)، ((مختصر الشمايل)) (236)، ((صفة الصلاة)).

বাংলা

২৪৬৫. আব্দুল্লাহ বিন শাকীক থেকে বর্ণিত, তিনি বলেন, “আমি আয়িশা রাহিয়াল্লাহু আনহাকে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের সালাত সম্পর্কে জিজ্ঞেস করলে জবাবে তিনি বলেন, “তিনি যোহরের আগে চার রাকা‘আত, মাগরিবের পরে দুই রাকা‘আত, ইশার পর দুই রাকা‘আত আর রাতে নয় রাকা‘আত সালাত আদায় করতেন।” আমি বললাম, “তিনি কি বসে সালাত আদায় করতেন নাকি দাঁড়িয়ে?” জবাবে তিনি বলেন, “তিনি দীর্ঘরাত বসে সালাত আদায় করতেন এবং দীর্ঘরাত দাঁড়িয়ে সালাত আদায় করতেন।”

আমি বললাম, “যখন তিনি দাঁড়িয়ে সালাত আদায় করতেন, তখন কিভাবে আদায় করতেন আর যখন তিনি বসে সালাত আদায় করতেন, তখন কিভাবে আদায় করতেন?” জবাবে তিনি বলেন, “যখন তিনি দাঁড়িয়ে কিরা‘আত পড়তেন, তখন তিনি দাঁড়িয়ে রুকু‘ করতেন আবার যখন তিনি বসে কিরা‘আত পড়তেন, তখন তিনি বসে রুকু‘

করতেন।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৬/৩০; সহীহ মুসলিম: ৭৩০; তিরমিযী: ৩৭৫; আবু দাউদ: ১২৫১; নাসাঈ: ৩/২২০; ইবনু মাজাহ: ১২২৮।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাউত রহিমাহুল্লাহ সহীহ মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবু দাউদ: ৮৮০)

হাদিসের মান: সহীহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি □ বর্ণনাকারীঃ আবদুল্লাহ বিন শাকীক আল উকাইলী (রহ.)

🔗 Link — <https://www.hadithbd.com/hadith/link/?id=91790>

📄 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন